

## 107624 - হিজাব না-পরা কি রোযা ভঙ্গকারী?

### প্রশ্ন

আমি হিজাব পরিধান করি না; এতে করে কি আমার রমযানের রোযা নষ্ট হয়ে যাবে?

### প্রিয় উত্তর

#### এক:

একজন মুসলিম নারী হিজাব পরতে আদিষ্ট। ইতিপূর্বে এই ওয়েবসাইটের একাধিক প্রশ্নোত্তরে হিজাবের ব্যাপারে আলোচনা করা হয়েছে। সে প্রশ্নোত্তরগুলোতে কয়েকটি বিষয় তুলে ধরা হয়েছে। এর মধ্যে কোনটি ছিল হিজাবের হুকুম বর্ণনা করা তথা হিজাব করা ওয়াজিব। যেমনটি এসেছে 21536 নং প্রশ্নোত্তরে। কোন কোন প্রশ্নোত্তরে হিজাব ওয়াজিব হওয়ার দলিলগুলো আলোচিত হয়েছে। যেমন 13998 নং ও 11774 নং প্রশ্নোত্তরে। কোন কোন প্রশ্নোত্তরে হিজাবের শরয়ি বৈশিষ্ট্য তুলে ধরা হয়েছে। যেমন 6991 নং প্রশ্নোত্তরে। আবার কোন কোন প্রশ্নোত্তরে মুসলিম নারীর জীবনে হিজাবের গুরুত্ব তুলে ধরা হয়েছে।

#### দুই:

কোন নারী যদি হিজাব না করেন তাহলে তিনি স্বীয় প্রভুর অবাধ্য হচ্ছেন। কিন্তু তার রোযা সহিহ। কেননা পাপগুলো রোযাকে নষ্ট করে না; হিজাব না-করাও একটি পাপ। তবে পাপ রোযার সওয়াবে ঘাটতি করে এবং হতে পারে গোটা সওয়াবই নষ্ট করে দেয়।

আমার আপনাকে রোযা রাখার পাশাপাশি হিজাব করার আহ্বান জানাচ্ছি। কারণ রোযার উদ্দেশ্য কেবল পানাহার থেকে বিরত থাকা নয়। বরং রোযার উদ্দেশ্য হচ্ছে- হারাম সবকিছু থেকে বিরত রাখা। এ কারণে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:  
“পানাহার থেকে বিরত থাকা রোযা নয়; বরং অনর্থক ও অশ্লীলতা থেকে বিরত থাকাই রোযা।” [মুত্তাদরাকে হাকিম, আলবানী ‘সহিহুল জামে’ গ্রন্থে (৫৩৭৬) হাদিসটিকে সহিহ বলেছেন]

অতএব আপনার রোযা রাখা যেন আপনাকে আল্লাহর আনুগত্যের দিকে ধাবিত করে ও নিষেধ থেকে দূরে রাখে।

আমরা আল্লাহ্ কাছে দোয়া করছি তিনি যেন আপনাকে তাঁর পছন্দনীয় ও সন্তুষ্টিজনক আমলগুলো করার তাওফিক দেন।

আল্লাহই সর্বশ্রেষ্ঠ।